

COVID-19 বিশ্বব্যাপী মহামারীর সময় নিউ ইয়র্ক বিচ্ছিন্নকরণ এবং কোয়ারান্টাইন হোটেলগুলির জন্য ন্যালস্কোন (নারকান) এর জন্য নির্দেশিকা

কোরোনাভাইরাস রোগ 2019 (COVID-19) বিশ্বব্যাপী মহামারীর সময় ওপিওয়েড ওভারডোজের কারণে মৃত্যু একটি গুরুতর সমস্যা হয়ে গেছে। হোটেলগুলিতে বিচ্ছিন্ন বা কোয়ারান্টাইন এ থাকা লোকজন নিম্নলিখিত কারণে ওপিওয়েড ওভারডোজের জন্য বর্ধিত ঝুঁকির সম্মুখীন হতে পারেন:

- তাদের স্বাভাবিক পরিবেশ থেকে অন্য পরিবেশে নিয়ে আসার জন্য
- সামাজিক পরিবেশ থেকে বিচ্ছিন্ন করা
- বর্ধিত চাপ
- ওষুধ বা মাদকগুলিতে অ্যাক্সেস পরিবর্তনের কারণে মাদকে সহনশীলতার পরিবর্তন

ন্যালস্কোন একটি নিরাপদ ওষুধ যা একটি ওপিওয়েড ওভারডোজের প্রভাব বিপরীত করে কারোর জীবন রক্ষা করতে পারে। এটি হেরোইন, প্রেসক্রিপশন পেনসিলার এবং ফেনটানিল এর মতো শুধুমাত্র ওপিওয়েডে কাজ করে, কিন্তু ওপিওয়েড না থাকলেও এটি ব্যবহার করার নিরাপদ। ন্যালস্কোন যারা চান তাদের সকলের জন্য উপলব্ধ

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য এবং মানসিক সুস্থতা দপ্তর (NYC Health Department) উপদেশ দিচ্ছে যে সমস্ত বিচ্ছিন্নকরণ এবং কোয়ারান্টাইন হোটেলগুলিতে ওভারডোজ রেসকিউ কিট আছে যাতে ওপিওয়েড-সংক্রান্ত জরুরি পরিস্থিতিগুলির জন্য ন্যালস্কোন আছে। বিচ্ছিন্নকরণ এবং কোয়ারান্টাইন হোটেলগুলি পরিচালনাকারী বা পরিষেবার প্রদানকারী সরকারি এজেন্সি এবং চুক্তিবদ্ধ প্রদানকারী কর্মীর উদ্দেশ্যে নিম্নলিখিত নির্দেশিকা দেওয়া হয়েছে।

বিচ্ছিন্নকরণ এবং কোয়ারান্টাইন হোটেলগুলিতে ওভারডোজ রেসকিউ কিট

একটি ওভারডোজ রেসকিউ কিট কী?

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের দেওয়া প্রতিটি কিটে আছে দুটি নন-ল্যাটেক্স গ্লাভস, ন্যালস্কোন নাজাল স্প্রের দুটি ডোজ, একটি ওভারডোজে প্রতিক্রিয়া জানানো সম্পর্কে স্পেনীয় এবং ইংরেজিতে নির্দেশিকা সহ একটি পত্রক, এবং রেসকিউ ব্রিডিং সম্পাদন করানোর একটি মুখের বর্ম।



ওভারডোজ রেসকিউ কিট কোথায় রাখা উচিত?

অতিরিক্ত বিচ্ছিন্ন বা কোয়ারান্টাইনে থাকছেন এমন প্রতিটি তলে, সহজে চোখে পড়ে এমন একটি জায়গায় একটি কিট রাখুন। অতিরিক্ত কিটগুলি কর্মীর কাছে বা সামনের ডেস্কে রাখা যেতে পারে। কিটগুলি প্রত্যেক তলে একই জায়গায় রাখুন (উদাহরণস্বরূপ, লিফট বা সিঁড়ির ঠিক পাশে, স্বয়ংক্রিয় বাহ্যিক ডিফিব্রিলেটগুলির কাছে)। ন্যালস্কোন কিটগুলি কোথায় পাওয়া যাবে তা সকল কর্মী এবং অতিথিকে জানিয়ে রাখুন। নির্দেশিকাগুলি কিটগুলির সাথে রাখুন, এবং এক-পাতার নির্দেশিকার পত্রকটির একটি কপি টাঙিয়ে রাখুন।

কে বা কারা একটি ন্যালস্কোন কিট ব্যবহার করতে পারবেন?

যে কেউ -- চিকিৎসা বিষয়ক সহায়ক কর্মী, কর্মসূচির অন্যান্য কর্মী এবং অতিথি -- একটি ওপিওয়েড ওভারডোজের ক্ষেত্রে প্রতিক্রিয়া জানাতে একটি ন্যালস্কোন কিট ব্যবহার করতে পারেন।

ন্যালক্সোন পরিচালনা করতে কী প্রশিক্ষণ প্রয়োজন?

ন্যালক্সোন কিটগুলি প্রদান করার সময়, নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের কোরিয়ারগুলি যে কোনো অন-সাইট চিকিৎসা কর্মী বা অন্যান্য সহায়ক কর্মীকে প্রশিক্ষণ দিয়ে দেবে। প্রতিটি ন্যালক্সোন কিটের সাথে একটি অতিরিক্ত এক-পাতার নির্দেশিকা পত্রক থাকে যাতে COVID-19 বিশ্বব্যাপী মহামারীর সময় একটি ওভারডোজের প্রতিক্রিয়া জানাবার পদক্ষেপগুলি সংক্ষেপে বলা থাকে। তাদের কাজের সময়ের শেষে, কর্মী আগত সহকর্মীদের সংক্ষেপে প্রশিক্ষণ দিয়ে দেবেন বা নির্দেশিকা পত্রকটি একবার দেখে নিতে বলবেন। অতিথিদের প্রশিক্ষণ দেওয়ার কোনো প্রয়োজন নেই, কিন্তু ব্যবহারের নির্দেশিকাগুলি কিটগুলির সাথে রেখে দিতে হবে। ন্যালক্সোন নিরাপদ এবং ব্যবহার করা সহজ।

আমাদের আরো ন্যালক্সোন কিট প্রয়োজন হলে আমার এজেন্সিকে কী করতে হবে?

ন্যালক্সোন ব্যবহার করা হলে তা নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরকে জানাতে, বা অতিরিক্ত কিটের জন্য অনুরোধ জানাতে naloxone@health.nyc.gov এ ইমেল করুন।

ন্যালক্সোন ব্যবহারকারী লোকজনের জন্য কী দায় সুরক্ষা উপলব্ধ?

[জনস্বাস্থ্য আইন ধারা 3309 \(Public Health Law Section 3309\)](#) অনুযায়ী, একটি ওভারডোজে প্রতিক্রিয়া জানানো যে কেউ, যতক্ষণ পর্যন্ত সরল বিশ্বাসে যুক্তিসঙ্গত ভাবে কাজ করছেন, তাদের নাগরিক, অপরাধমূলক এবং প্রশাসনিক দায়ের বিরুদ্ধে সুরক্ষা আছে। [নিউ ইয়র্ক স্টেট 911 গুড সামারিটান আইন \(New York State 911 Good Samaritan Law\)](#)ও যিনি 911 নম্বরে ফোন করেছেন তাকে এবং 8 আউল্ড পর্যন্ত মাদক রাখার জন্য ওভারডোজ হয়েছে, মদ (অপ্রাপ্তবয়স্ক পানকারীদের জন্য), ক্যানাবিস (যে কোনো পরিমাণ), সহায়ক আনুষঙ্গিক সরঞ্জাম রাখার জন্য অপরাধ এবং যে কোনো বিক্রয়ের অপরাধে অপরাধী উভয়কেই কারাদণ্ড থেকে রক্ষা করে। এটি বিচারামূলক বা শর্তাধীন মুক্তি লঙ্ঘন, ওপেন ওয়্যারেন্ট বা অভিবাসন বা শিশু কল্যাণ সম্পর্কিত সমস্যাগুলির জন্য সুস্পষ্ট আইনি সুরক্ষা প্রদান করে না।

আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে naloxone@health.nyc.gov এ ইমেল করুন। আরো তথ্যের জন্য, nyc.gov/health এ যান এবং ["naloxone" \(ন্যালক্সোন\)](#) এর জন্য অনুসন্ধান করুন।

পরিস্থিতির উপর নির্ভর করে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তর (NYC Health Department) পরামর্শগুলি পরিবর্তন করতে পারে।

5.12.20